# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

---

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২০-২০২১/৮৭ তারিখঃ ২৩-০৭-২০২০ ইং

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ তৈরী পোশাক সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের সুবিধার্থে এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা, প্রদানের লক্ষ্যে বানিজ্যিক ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমুহ আগামী ২৫ জুলাই, ২০২০ তারিখ রোজ শনিবার (সাপ্তাহিক ছুটির দিন) খোলা রাখা প্রসংগে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন হতে ০৭ শ্রাবন, ১৪২৭ বঙ্গাব্দ/ ২২ জুলাই, ২০২০ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২২ (কপি সংযুক্ত) এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ অনুসরণ ও পরিপালনের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

০২। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহার পূর্বে তৈরী পোশাক শিল্প **সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে** কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়নগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকার অত্র ব্যাংকের পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ২৫ জুলাই, ২০২০ তারিখ রোজ শনিবার পূর্ণ দিবস খোলা রাখার নির্দেশনা প্রদান করা হলো। উক্ত দিবসে (২৫ জুলাই, ২০২০) বাংলাদেশ ব্যাংকের ক্লিয়ারিং ব্যবস্থা খোলা থাকবে। তবে ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরুপে পরিচালনার স্বার্থে উপরিল্লিখিত এলাকার বাইরে অবস্থিত কোন ব্যাংক শাখার উপর চেক প্রদান করা যাবে না এবং এরুপ চেক যথারীতি প্রত্যাখ্যাত হবে।

০৩। **প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ (ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, আন্তর্জাতিক বানিজ্য বিভাগ, ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ, আইসিটি অপারেশন বিভাগ ও আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ) সহ ঢাকা মহানগরীর এলপিও, কাওরান বাজার কর্পোরেট, বনানী কর্পোরেট, খামারবাড়ী, সাভার, আশুলিয়া, উত্তরা, ষ্টাফ কলেজ, মিরপুর, শ্যামলী, বাড্ডা, নন্দীপাড়া, শনির আখড়া, চকবাজার, তাজমহল (বর্তমানে "মোহাম্মদপুর শাখা ঢাকা"), ফরাশগঞ্জ, জুরাইন শাখা ; নারায়নগঞ্জ কর্পোরেট শাখা ; টঙ্গী শাখা, গাজীপুর শাখা ; ভালুকা শাখা, ময়মনসিংহ ; চট্টগ্রামের আগ্রাবাদ কর্পোরেট, চট্টগ্রাম কর্পোরেট ও ষোলশহর শাখাসমূহ খোলা রাখতে হবে।**

(চলমান পাতা/০২)

০৪। BACH শাখা সমূহে যে সকল শাখা ২৫ জুলাই, ২০২০ রোজ শনিবার বন্ধ থাকবে সে সমস্ত শাখা EFTN এর ক্ষেত্রে Business date ২৩.০৭.২০২০ সেশন-২ এবং Business date ২৫.০৭.২০২০ সেশন-১ এর কাজ ২৬.০৭.২০২০ তারিখে সম্পন্ন করবে। তাছাড়া, BACPS এর ক্ষেত্রে সে সকল BACH শাখা ২৫ জুলাই, ২০২০ রোজ শনিবার বন্ধ থাকবে সেই ক্ষেত্রে উক্ত শাখা সমূহের উপর Inward চেকসমূহ এলপিও BACH সেকশন হতে Return করতে হবে।

০৫। উল্লেখ্য, ২৫ জুলাই, ২০২০ তারিখ ছুটির দিন হওয়ায় ঐদিন অফিসের কাজে উপস্থিত থাকার জন্য অত্র বিভাগ হতে গত ২০-১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক জন প্রতি কর্মকর্তাগণকে ৪০০/-(চার শত) টাকা এবং কর্মচারীগণকে ৩০০/-(তিন শত) টাকা হারে ভাতা প্রদান করা যাবে। তবে উক্ত তারিখে অফিসে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ কোন যাতায়াত/মধ্যাহ্ন ভোজন ভাতা প্রাপ্য হবেন না।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ঃ ০২ (দুই) পাতা।

২৩/০৭/২০২০

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২০-২০২১/৮৭ তারিখঃ ২৩-০৭-২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

২৩/০৭/২০২০

(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২২

তারিখঃ ০৭ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
২২ জুলাই , ২০২০ খ্রিষ্টাব্দ

**প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**তৈরী পোশাক সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের সুবিধার্থে এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/ কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা, বোনাস প্রদানের লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ আগামী ২৫ জুলাই, ২০২০ তারিখ রোজ শনিবার (সাপ্তাহিক ছুটির দিন) খোলা রাখা প্রসঙ্গে।**

আসন্ন ঈদ-উল-আযহার পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক **আগামী ২৫ জুলাই, ২০২০ তারিখ রোজ শনিবার পূর্ণ দিবস খোলা** রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০২। উল্লেখ্য, উক্ত দিবসে (২৫ জুলাই, ২০২০) বাংলাদেশ ব্যাংকের ক্লিয়ারিং ব্যবস্থা খোলা থাকবে। তবে, ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার স্বার্থে উপরিল্লিখিত এলাকার বাহিরে অবস্থিত কোন ব্যাংক শাখার উপর চেক প্রদান করা যাবে না এবং এরূপ চেক যথারীতি প্রত্যাখ্যাত হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০০৯৩

Gmail **BKB Bach Manage <bachmanagerbkb@gmail.com>**

## Clearing House will remain open on 25th July

**Tahmina Islam** <tahmina.islam@bb.org.bd> Wed, Jul 22, 2020 at 4:16 PM
To: "bach@abbl.com" <bach@abbl.com>, "bach@agranibank.org" <bach@agranibank.org>, "bacps@al-arafahbank.com" <bacps@al-arafahbank.com>, "bach@bcbl.com.bd" <bach@bcbl.com.bd>, "reaz.bdbl@gmail.com" <reaz.bdbl@gmail.com>, "BACHManagerbkb@gmail.com" <BACHManagerbkb@gmail.com>, "bdbsbl_bank@yahoo.com" <bdbsbl_bank@yahoo.com>, "bsbl.bach@gmail.com" <bsbl.bach@gmail.com>, "clearing.motijheel@bankalfalah.com.bd" <clearing.motijheel@bankalfalah.com.bd>, "bach@bankalfalah.com.bd" <bach@bankalfalah.com.bd>, "bach@bankasia-bd.com" <bach@bankasia-bd.com>, "bach@basicbanklimited.com" <bach@basicbanklimited.com>, "bach@bracbank.com" <bach@bracbank.com>, "citibank.bach@citi.com" <citibank.bach@citi.com>, "iftekhar.ahmed@citi.com" <iftekhar.ahmed@citi.com>, "Bach@combankbd.com" <Bach@combankbd.com>, "dbl_bach@dhakabank.com.bd" <dbl_bach@dhakabank.com.bd>, "clearing@dutchbanglabank.com" <clearing@dutchbanglabank.com>, "bachebl@ebl-bd.com" <bachebl@ebl-bd.com>, "bach@eximbankbd.com" <bach@eximbankbd.com>, "bach@fsiblbd.com" <bach@fsiblbd.com>, "psd@fsiblbd.com" <psd@fsiblbd.com>, "bd.bach@hbl.com" <bd.bach@hbl.com>, "bachdak@hsbc.com.bd" <bachdak@hsbc.com.bd>, "icbbach@icbislamic-bd.com" <icbbach@icbislamic-bd.com>, "hobach@ificbankbd.com" <hobach@ificbankbd.com>, "bach@islamibankbd.com" <bach@islamibankbd.com>, "bach2@islamibankbd.com" <bach2@islamibankbd.com>, "bach@jamunabank.com.bd" <bach@jamunabank.com.bd>, "bach@janatabank-bd.com" <bach@janatabank-bd.com>, "bach@meghnabank.com.bd" <bach@meghnabank.com.bd>, "main.ach@mblbd.com" <main.ach@mblbd.com>, "ach@mblbd.com" <ach@mblbd.com>, "bach.mdbl@midlandbankbd.net" <bach.mdbl@midlandbankbd.net>, "bach@modhumotibankltd.com" <bach@modhumotibankltd.com>
Cc: "Md. Mezbaul Haque" <mezbaul.haque@bb.org.bd>, Muhommad Badiuzzaman Dider <badiuzzaman.dider@bb.org.bd>, "Dr. Shah Md. Moinuddin" <shah.uddin@bb.org.bd>, "Md. Rezaul Karim" <mr.karim@bb.org.bd>, "Md. Shariful Islam" <shariful.islam@bb.org.bd>, Chayan Biswas <chayan.biswas@bb.org.bd>, MAMUN KHAN <khan.mamun@bb.org.bd>, Mokhlesur Rahman <mokhles.rahman@bb.org.bd>

**Dear All,**

**AssalamuAlaikum,**

According to the DOS circular letter attached here Clearing House will remain open on 25th July 2020.

**You are advised to follow the instruction described below:**

1. Clearing time will remain unchanged (High value, Regular value and EFT).
2. Please do not process any outward cheque except area mention in the DOS circular letter no-22 dated 22-07-2020.
3. Regarding inward cheque and EFT processing, take extra precaution at your end and if you find any discrepancy, inform immediately to Bangladesh Bank BACH team.

With Regards

Tahmina Islam
Deputy Director
Payment Systems Department
Head Office
Bangladesh Bank

This mail is Scan By Standard Antivirus.

---

**jul222020dosl22.pdf**
260K